সংবাদ

তারিখ 06 JUN 2016
পৃষ্ঠা ৪ কলাম ৩

# পাঁচ দফা দাবিতে ম্যাটস শিক্ষার্থীদের আলটিমেটাম

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী ৫১ দিনের মধ্যে পাঁচ দফা দাবি মেনে না নিলে আগামী ২৬ জুলাই ঢাকা অভিমুখে লংমার্চ করার ঘোষণা দিয়েছে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট ট্রেনিং স্কুল (ম্যাটস)-এর ডিপ্লোমা মেডিকেল শিক্ষার্থী, বেকার ও পেশাজীবী ডিপ্লোমা চিকিৎসকদের উচ্চ শিক্ষাসহ পাঁচ দাফা দাবি বাস্তবায়ন কমিটি। গতকাল সকালে জাতীয় প্রেসক্লাব মিলনায়তনে এ কর্মসূচি ঘোষণা করে তারা। সংবাদ সম্মেলনে ম্যাটস শিক্ষার্থীদের পাঁচ দফা বাস্তবায়ন কমিটির আহ্বায়ক মো. নাজমুল হোসেন বলেন, আমরা ম্যাটস শিক্ষার্থীরা উচ্চ শিক্ষার জন্য বিগত ২১ দিন ধরে আন্দোলন করে আসছি। কিন্তু এর ভেতরে সরকার বা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের পক্ষ থেকে দাবি পূরণের কোন প্রতিশ্রুতি বা তৎপরতা লক্ষ করিনি। আগামী ৫১ দিনের মধ্যে যদি আমাদের দাবি মেনে নেয়া না হয় ঈদুল ফিতরের পর ৫০ হাজার ডিপ্লোমা শিক্ষার্থী, ১০ হাজার বেকার ডিপ্লোমা চিকিৎসক ও ১০ হাজার পেশাজীবীকে নিয়ে আগামী ২৬ জুলাই ঢাকা অভিমুখে লংমার্চ এবং গণভবনের অভিমুখে গণযাত্রা করা হবে। প্রসঙ্গত, জাতীয় প্রেসক্লাবের সামনে দীর্ঘদিন ধরে উচ্চ শিক্ষার দাবিতে গণঅবস্থান কর্মসূচি পালন করে আসছিল সারাদেশ থেকে ম্যাটস শিক্ষার্থীরা।